

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৮২৫

আগরতলা, ২২ জুন, ২০২২

**পানিসাগর মহকুমা হাসপাতালে আশা ভরসা দিবস**

উত্তর জেলার পানিসাগর মহকুমা হাসপাতালের উদ্যোগে গত ১৭ জুন আশাকর্মীদের নিয়ে আশা ভরসা দিবস অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে পানিসাগর মহকুমা হাসপাতালের এমপিএস, এমপিডব্লিও সহ ৩৪ জন আশাকর্মী ও দুই জন আশা ফেসিলিটের অংশগ্রহণ করেন। উক্ত অনুষ্ঠানে আশাকর্মীদের এলাকায় কোভিড-১৯ সংক্রমণ থেকে রক্ষা পেতে সকলকে কোভিড-১৯ টিকাকরণে এগিয়ে আসা ও স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য এমপিএস রূপক চক্রবর্তী পরামর্শ দেন। পাশাপাশি সকল গর্ভবতী মায়েদের ও কিশোরীদের হিমোগ্লোবিন পরীক্ষা করানোর জন্য আশাকর্মীদের পরামর্শ প্রদান করেন। এছাড়াও ম্যালেরিয়া ও ডেঙ্গু প্রতিরোধে আশাকর্মীদের পাড়ায় পাড়ায় ম্যালেরিয়ার ব্লাড স্লাইড সংগ্রহ করা, আরডিটি কিটের মাধ্যমে ম্যালেরিয়ার রক্ত পরীক্ষা করার জন্য আহ্বান করেন। এছাড়াও আশাকর্মীদের নিয়মিত বাড়ি পরিদর্শনে সকলকে বাড়িঘরের চারপাশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা, যেখানে সেখানে জল জমতে না দেওয়া ও জ্বর থাকলে স্বাস্থ্যকেন্দ্রে গিয়ে ম্যালেরিয়া পরীক্ষা করার জন্য সচেতন করার জন্য আহ্বান জানান। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*